4th Sem (H) CC-8

প্রশ্ন :- ফ্যাসিবাদ সম্পর্কে সুভাষ চন্দ্র বসুর ধারণা লেখ। (১০)
(২০০ শব্দের মধ্যে)

উত্তর :- ১৯৩৫ সালে প্রকাশিত 'The Indian Struggle' - গ্রন্থে সুভাষচন্দ্র সাম্যবাদ ও ফ্যাসিবাদের মধ্যে সমন্বয় সাধন করতে চেয়েছিলেন, যার দ্বারা তিনি তৃতীয় কোন পথের সন্ধানের চেষ্টা করেছিলেন, তিনি মনে করতেন কোনো ধারণা বা মতাদর্শ শুরুতে মিসিসের আকারে থাকে, এই মিসিসের মধ্যে লুকিয়ে থাকে অ্যান্টিথিসিস, আর বিকশিত হতে হতে পরস্পর বিরোধী ভাবনাগুলো থেকে জন্ম নেয় সিন্থেসিস, সুভাষচন্দ্র এইভাবে বিভিন্ন মতাদর্শের মাধ্যমে সঠিকটা বেছে নিতে চেয়েছিলেন,

সুভাষচন্দ্র মনে করতেন ফ্যাসিবাদের মধ্যে কতকগুলি ভালো দিক আছে যা গ্রহণ করা যেতে পারে, তিনি ফ্যাসিবাদকে শক্তিশালী ও প্রগতিশীল এবং আন্দোলনধারা বা মতাদর্শ বলে মনে করতেন, যার সাহায্যে তিনি ব্রিটিশ ঔপনিবেশিক শক্তিকে পরাস্ত করতে চেয়েছিলেন, এই লক্ষ্য সফল করতে "শত্রুর শত্রুর সঙ্গে মিত্রতার নীতি" গ্রহণ করেছিলেন, তাই তিনি ইটালীর মুসোলিনী, জার্মানীর হিটলার, জাপানের তোজো সরকারের সাহায্য নিতে চেয়েছিলেন, যদিও তিনি এক্ষেত্রে তেমন সফল হননি, তিনি ফ্যাসিবাদী পন্থা অনুসরণ করতে চেয়েছিলেন মূলত শৃঙ্খলা ও বৈপ্লবিক কর্মকাণ্ডের জন্য,

কিন্তু পরবর্তীকালে ফ্যাসিবাদের সমর্থক এই সুভাষচন্দ্রই তাঁর ধারণা থেকে সরে আসেন, তিনি বলেন যে ফ্যাসিবাদ ক্রমশ সাম্রাজ্যবাদের চেহারা গ্রহণ করছে, আর সেইকারণে তাঁর কাছে ফ্যাসিবাদ গুরুত্বহীন ও অপ্রাসঙ্গিক, বস্তুত সুভাষচন্দ্র মত - পথ - তত্ত্ব ও আদর্শ নিয়ে কখনই মাথা ঘামাননি, বরং লক্ষ্য অর্জনই মূল বিষয় ছিল, তিনি স্বৈরতন্ত্রিক ফ্যাসিবাদী রাষ্ট্রের ভক্ত ছিলেন বটে কিন্তু সাধারণের স্বৈরতন্ত্রকে মানতে পারেননি, তিনি ভারতের স্বাধীনতা আন্দোলনকে সফল করে স্বাধীন সমাজবাদী, গণতান্ত্রিক রাষ্ট্র হিসাবে ভারতকে গড়ে তুলতে চেয়েছিলেন,